

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ অগ্রহায়ণ ১৪২৭/৩০ নভেম্বর ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.৩০৪—বাহরাইনের প্রধানমন্ত্রী শেখ খলিফা বিন সালমান আল খলিফা গত ১১ নভেম্বর ২০২০ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

২। বাংলাদেশের এ পরম হিতৈষীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, মরহমের বুহের মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবার ও বাহরাইনের জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০১ অগ্রহায়ণ ১৪২৭/১৬ নভেম্বর ২০২০ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(১২৬৬৫)

মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার শোকপ্রস্তাব**

০১ অগ্রহায়ণ ১৪২৭

ঢাকা: -----

১৬ নভেম্বর ২০২০

বাহরাইনের প্রধানমন্ত্রী শেখ খলিফা বিন সালমান আল খলিফা গত ১১ নভেম্বর ২০২০ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

শেখ খলিফা বিন সালমান আল খলিফা ১৯৩৫ সালে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭০ সালে শাসনক্ষমতায় আরোহণ করেন এবং ১৯৭১ সালে বাহরাইনের স্বাধীনতা লাভের পর সুদীর্ঘ প্রায় পাঁচ দশক প্রধানমন্ত্রী হিসাবে দেশ পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে গেছেন। এর আগে তিনি বাহরাইনের স্টেট কাউন্সিলের প্রধান এবং সুপ্রিম ডিফেন্স কাউন্সিলের প্রধান ছিলেন। শেখ খলিফা বিন সালমান আল খলিফা ছিলেন বিশ্বের সর্বাপেক্ষা দীর্ঘমেয়াদি শাসনক্ষমতায় অধিষ্ঠিত থাকা একমাত্র প্রধানমন্ত্রী।

প্রতিষ্ঠিত রক্ষণশীল কাঠামোর মধ্যে থেকেও শেখ খলিফা বিন সালমান আল খলিফা একজন আধুনিক ও সংস্কারপন্থী প্রধানমন্ত্রী হিসাবে বাহরাইনের জনগণের কল্যাণে নিজেস্ব নিয়োজিত রেখেছিলেন। সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে তিনি সর্বদাই দৃঢ় অবস্থান গ্রহণ করে গেছেন।

বাংলাদেশের প্রতি শেখ খলিফা বিন সালমান আল খলিফার ছিল গভীর মমত্ববোধ। তাঁর সময়ে দু'দেশের সম্পর্ক সুসংহত ও দৃঢ়তর হয়েছে এবং বহু বাংলাদেশি কর্মী বাহরাইনের কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন।

বাহরাইনের প্রধানমন্ত্রী শেখ খলিফা বিন সালমান আল খলিফার মৃত্যুতে সমগ্র মুসলিম বিশ্বে এক অপূরণীয় শূন্যতার সৃষ্টি হল। মন্ত্রিসভা বাংলাদেশের এ পরম হিতৈষীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহমের রুহের মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবার ও বাহরাইনের জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।